দৈনিক বাংলা

তারিখ 08 AUG 1992
পৃষ্ঠা ৭ কলাম ৪

85

# ক্যাম্পাসে গোলাগুলি ঃ উত্তেজনা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বিবদমান দুটি গ্রুপের গোলাগুলির পর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আবার উত্তেজনা সৃষ্টি হয়েছে।

সূর্যসেন হলে তিনজন ছাত্র প্রহৃত হওয়ার পর দুই গ্রুপ শুক্রবার দুপুরে সংঘাতে জড়িয়ে পড়ে। পৌনে তিনটায় সংঘর্ষ শুরু হওয়ার পর সূর্যসেন হলের ভেতরে এবং বাইরে অবস্থান নেয়। সশস্ত্র দুদলের মধ্যে কমপক্ষে ৪০ রাউণ্ড গুলিবিনিময় হয় বলে প্রত্যক্ষদর্শীরা জানান।

গোলাগুলি থামাতে পুলিশ কয়েক রাউণ্ড কাঁদানে গ্যাস ছোড়ে। সংঘর্ষে কোন হতাহতের খবর পাওয়া যায়নি।

গোলাগুলির পর ক্যাম্পাসে তীব্র উত্তেজনা বিরাজ করছে। মুহসীন হল.

(৭-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে গোলাগুলি

(প্রথম পৃষ্ঠার পর)

সূর্যসেন হল ও জসীমউদ্দীন হলের সাধারণ ছাত্ররা জানিয়েছেন, তারা উদ্বেগের মধ্যে আছেন।

সূর্যসেন হল ছাত্র সংসদ এক বিবৃতিতে অভিযোগ করেছে যে, হলের সাধারণ ছাত্ররা এক বহিরাগত সন্ত্রাসীকে ধরে পুলিশের কাছে সোপর্দ করার পর আকস্মিকভাবে জসীমউদ্দীন হল থেকে সূর্যসেন হলের দিকে গুলিবর্ষণ শুরু হয়।

ছাত্র সংসদের সহ-ক্রীড়া সম্পাদক নাদির বেগ আলম স্বাক্ষরিত এই বিবৃতি প্রচার করা হয়।

গুলিবর্ষণের প্রতিবাদে সূর্যসেন হলে তাৎক্ষণিকভাবে একটি প্রতিবাদ মিছিল বের করা হয়। মিছিল শেষে হল গেটে অনুষ্ঠিত এক প্রতিবাদ সভায় জাতীয়তাবাদী ছাত্রদল নেতা মুহসীন হল ছাত্র সংসদের জিএস সাইদ সোহরাব, ছাত্রদল সূর্যসেন হল শাখার আহবায়ক আওলাদ হোসেন ফারুক এবং সূর্যসেন হল ছাত্র সংসদের এজিএস নুরুল ইসলাম খান খসরু বক্তৃতা করেন।

নেতৃবৃন্দ হলের ছাত্র কাজল ও মনির উপর হামলাকারীদের বিচার এবং গুলিবর্ষণকারী বহিরাগত সন্ত্রাসীদের গ্রেপ্তারের দাবী জানান।